ভোরের কাগজ

তারিখ NOV. 0 7 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ১০০ শ্রেষ্ঠ তরুণ উদ্ভাবক

সম্প্রতি যুক্তরাষ্ট্রের এমআইটি-এর টেকনোলজি রিভিউ-এর শত বছর পূর্তি উপলক্ষে একটি ব্যতিক্রমধর্মী অনুষ্ঠানের আয়োজন করা হয়। টিআর-১০০ শীর্ষক এই অনুষ্ঠানে ১০০ জন তরুণ উদ্ভাবককে সম্মাননা প্রদান করা হয়েছে। টিআর-১০০ নামের এই অনুষ্ঠানটি আয়োজন করার উদ্দেশ্য হচ্ছে আগামী দিনের ম্যারি কুরি এবং আলেকজান্ডার গ্রাহাম বেলদের স্বীকৃতি দেয়া। কৌতূহল জাগতেই পারে, এই অনুষ্ঠানে উপস্থিত ১০০ জন তরুণ উদ্ভাবক কারা ছিলেন। ১০০ মিলিয়ন ডলার ভেঞ্চার ক্যাপিটাল ফান্ডের প্রধান ২৩ বছরের আমেরিকান জোনাথন হেইলিজার থেকে শুরু করে ২৬ বছরের ক্রোয়েশিয়ান ডিজিটাল আর্টিস্ট মাজা কুজমানোবিচ, লিনাক্স-এর স্রষ্টা লিনাস ট্রোভাল্ডস থেকে নেটস্কেপের প্রতিষ্ঠাতা মার্ক এন্ডারসন, কে না ছিলেন এই অনুষ্ঠানে।

এই সকল ক্যান্ডিডেটদের নির্বাচন পদ্ধতিটি কেমন ছিল? এক্ষেত্রে অনেকগুলো পদ্ধতি গ্রহণ করা হয়েছিল। এই পদ্ধতিগুলো হচ্ছে একদল বিচারকের একটি প্যানেল কর্তৃক মনোনয়নের মাধ্যমে, ওয়েবসাইট রাইট-ইনের মাধ্যমে অথবা, পাবলিকেশনের সাবস্ক্রিপশন তালিকা পরীক্ষা-নিরীক্ষা করে।

এই সম্মাননা পেয়ে কার্নেগী মেলোন বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক টড মাউরি তার অনুভূতি ব্যক্ত করে বলেন, আগামী শতাব্দীর উদ্ভাবকদের কাছে এই পুরস্কারপ্রাপ্তরা এই শতাব্দীর শ্রেষ্ঠ উদ্ভাবক হিসাবে পরিচিত হবে। উল্লেখ্য, মাউরি এমন একটি কম্পাইলার নিয়ে গবেষণা করছেন, যা পামটপ থেকে শুরু করে মেইনফ্রেম পর্যন্ত সব ধরনের কম্পিউটারকে দ্রুততর করবে।

তথ্যপ্রযুক্তি, বায়োটেকনোলজি এবং মেটেরিয়াল সায়েন্স - এই তিনটি ক্ষেত্র থেকে ১০০ জন তরুণ উদ্ভাবকদের নির্বাচিত করা হয় এবং সম্মাননা প্রদান করা হয়।

তথ্যসূত্র : ইন্টারনেট

...ীর কর্নারে শুধু কম্পিউটার সংক্রান্ত বিজ্ঞাপন
আইএএসএল-এর সঙ্গে যোগাযোগ করুন।